

স্মারক নং- ০৫.৪৫.৬১৯৪.০০০.২৩.০০১.২৩ ৬১৫


তারিখ: ২০ আষাঢ় ১৪৩০  
০৪ জুলাই ২০২৩

### বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উপজেলার সকল স্কুল-কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্র/ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হল;

### প্রতিযোগিতার নিয়মাবলী

- ভিডিওটি প্রস্তুত করে মেইল/পেন ড্রাইভ/ডাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট আগামী ১৬ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ডাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- ভিডিও ধারণের ক্ষেত্রে যে কোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
- মোবাইলে ভিডিও ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;
- ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে;
- ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;
- ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
- কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
- ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে;
- ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;
- ভিডিও'র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে; এবং
- ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে। যোগাযোগ নম্বরঃ ০১৭৩৩৩৭৩৩৩২, ই-মেইলঃ unotrishal@gmail.com (উপজেলা নির্বাহী অফিসার) এবং ০১৯২৯৩০৩৮০২, ই-মেইলঃ doicctrishal@gmail.com (সহকারী প্রোগ্রামার)।

  
০৪.৭.২০২৩  
(জুয়েল আহমেদ)


উপজেলা নির্বাহী অফিসার  
ত্রিশাল, ময়মনসিংহ  
unotrishal@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৫.৬১৯৪.০০০.২৩.০০১.২৩

তারিখ: ২০ আষাঢ় ১৪৩০  
০৪ জুলাই ২০২৩

### অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে

- ০১। জেলা প্রশাসক, ময়মনসিংহ
- ০২। উপজেলা শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। (ত্রিশাল উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিষয়টি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। (ত্রিশাল উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিষয়টি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ০৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপার (সকল).....ত্রিশাল, ময়মনসিংহ
- ০৫। অফিস কপি

  
০৪.৭.২০২৩  
উপজেলা নির্বাহী অফিসার  
ত্রিশাল, ময়মনসিংহ